



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
লাইফ ভিউ-ফুলকুটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)  
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



বিজ্ঞপ্তি

এতদ্বারা নারায়ণগঞ্জ জেলার সকল আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী ও আড়তদার, খুচরা ব্যবসায়ীগণকে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসআরও নং-১১২ ও এসআরও নং-১১৩ আইন/২০১১ The Control of Essential Commodities Act. 1956 (Act. No. 1 of 1956) এর Section 3 এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার নতুন লাইসেন্স গ্রহণ, নবায়ন ডুপ্লিকেট কপি ইস্যুর নির্দেশ প্রদানসহ উক্ত সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ন্ত্রণাধীন খাদ্যশস্য/ফুড স্টক (ধান/চাল, গম/গমজাত দ্রব্য, ভোজ্যতেল, ডাল, চিনি) মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করেছেন। উক্ত এসআরও এর মাধ্যমে লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যবসায়ী ০১(এক) মেট্রিক টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী তার বা তাদের অধিকারে বা নিয়ন্ত্রণে রাখতে পারবেন না মর্মে নির্দেশসহ নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিলের নির্দেশনা জারী করা হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত শ্রেণীর পাইকারী ব্যবসায়ী ও আড়তদার, খুচরা ব্যবসায়ীকে খাদ্য বিভাগ থেকে লাইসেন্স গ্রহণ করতঃ নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে।

২। এখানে উল্লেখ্য যে, বর্তমানে এ আইনের আওতায় লাইসেন্স ব্যতিরেকে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করলে সংশ্লিষ্ট অত্যাবশ্যকীয় পণ্য আইন ১৯৫৬ এর ৬(১) ও (২) ধারা মতে ৩(তিন) বছরের জেল ও জরিমানাসহ মজুদ পণ্য বাজেয়াপ্ত করার বিধান রয়েছে।

৩। সুতরাং শাস্তি ও ক্ষতি এড়াতে অবিলম্বে ১(এক) মেট্রিক টনের অধিক খাদ্যশস্য/পণ্য ব্যবসায়ীগণকে লাইসেন্স গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

স্বা!

(আসমা উল হোসনা)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)  
নারায়ণগঞ্জ  
[dcf.ngj@dgfood.gov.bd](mailto:dcf.ngj@dgfood.gov.bd)  
ফোনঃ ৭৬৩৪৬৫২।

তারিখ: ০৫ পৌষ ১৪২৯

২০.১২.২০২২ খ্রি।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০৪.৩২.০০৬.১১. ২৮০৬(১০)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ। বিজ্ঞপ্তিতে বর্ণিত ব্যবসায়ীদের ফুডগ্রেইন লাইসেন্স প্রদান করতঃ নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতিবেদন আগামী ০৭(সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিষয়টি জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৬। সভাপতি, জেলা খাদ্যশস্য/চালকল/ময়দাকল ব্যবসায়ী সমিতি, নারায়ণগঞ্জ।
- ৭। সভাপতি, উপজেলা খাদ্যশস্য/চালকল/ময়দাকল ব্যবসায়ী সমিতি, ....., নারায়ণগঞ্জ।
- ৮। জনাব ....., আমদানীকারক/পাইকারী/খুচরা ব্যবসায়ী, নারায়ণগঞ্জ। আগামী ০৭ দিনের মধ্যে ফুড গ্রেইন লাইসেন্স গ্রহণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ১০। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

নারায়ণগঞ্জ।